



উপজেলা পরিষদ কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

নোয়াখালী জেলার কোম্পানীগঞ্জ উপজেলার ফেব্রুয়ারি/২০২৪ মাসের উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোহাম্মদ শাহাব উদ্দিন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী
সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন।
তারিখ ও সময় : ১২-০৩-২০২৪খ্রিঃ, বেলা ১১:০০ টা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট “ক”

সভার প্রারম্ভে উপজেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতি সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি উপজেলা নির্বাহী অফিসারকে সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করেন। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। এরপর বিভাগওয়ারী নিম্নোক্ত আলোচনাপূর্বক সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১। উপজেলা স্বাস্থ্য বিভাগ : উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, বর্তমানে পুনরায় কোভিড ভ্যাক্সিনের চতুর্থ ডোজ প্রদান চালু হয়েছে। যারা সম্মুখ সারির কোভিড যোদ্ধা, সরকারি ও এনজিও কর্মকর্তা/কর্মচারীদের দ্রুত টিকা গ্রহণ করার জন্য অনুরোধ করেন। এছাড়া চর উমেদ কমিউনিটি ক্লিনিকের বিষয়ে সিভিল সার্জন, নোয়াখালী মহোদয়ের সাথে পুনরায় যোগাযোগ করার জন্য অনুরোধ করেন। এছাড়া উড়িচরের চর বালুয়াতে নিয়মিতভাবে টিকাদান কার্যক্রমে প্রয়োজনীয় সহযোগিতা করার জন্য উপজেলা পরিষদ ও উপজেলা প্রশাসনকে স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে ধন্যবাদ জ্ঞাপন করেন।	চর উমেদ কমিউনিটি ক্লিনিক স্থাপন সংক্রান্ত প্রস্তাবটি জেলা প্রশাসক, নোয়াখালী মহোদয়ের মাধ্যমে পুনরায় প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা
২। উপজেলা কৃষি বিভাগ : উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, ক. রবি মৌসুমে বোরো ধান ও অন্যান্য রবি ফসলের সার্বিক অবস্থা ভালো আছে। খ. আসন্ন আউশ মৌসুমে প্রানোদনা কর্মসূচির আওতায় বিনামূল্যে সার ও বীজ সরবরাহ করা হবে। সে লক্ষ্যে জনপ্রতিনিধি ও সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। গ. ফসলী জমি ও ফল বাগানের সঠিক পরিচর্যার জন্য এবং ফল ও ফসলের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কৃষকের মাঝে বালাইনাশক স্প্রে সরবরাহের জন্য উপজেলা পরিষদের নিকট সহযোগিতা কামনা করেন।	ফসলী জমি ও ফল বাগানের সঠিক পরিচর্যার জন্য এবং ফল ও ফসলের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কৃষকের মাঝে বালাইনাশক স্প্রে সরবরাহের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা কৃষি অফিসার। কোম্পানীগঞ্জ, নোয়াখালী
৩। উপজেলা প্রাণিসম্পদ বিভাগ : উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্পের আওতায় উপজেলার প্রত্যেক ইউনিয়নে হাউজ হোল্ড সার্ভে কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া তার বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা।
৪। মৎস্য বিভাগ : উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, ক. “জাটকা সংরক্ষণ সপ্তাহ-২০২৪” উপলক্ষে ১১-১৭ মার্চ পর্যন্ত মোবাইল কোর্ট/ অভিযান চলমান থাকবে। খ. নিবন্ধিত জেলেদের মধ্যে ভিজিএফ হিসেবে চাল বিতরণ চলমান রয়েছে। গ. মাছের খামারের উপরে পোল্ট্রির খামার না করার বিষয়ে জনসচেতনতা কার্যক্রম চলমান রয়েছে।	ক. “জাটকা সংরক্ষণ সপ্তাহ-২০২৪” উপলক্ষে ১১-১৭ মার্চ পর্যন্ত নিয়মিত মোবাইল কোর্ট/ অভিযান পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। খ. প্রকৃত জেলেদের মাঝে ভিজিএফ হিসেবে চাল বিতরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। গ. মাছের খামারের উপরে পোল্ট্রির খামার না করার বিষয়ে জনসচেতনতা কার্যক্রম চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার/সহকারী কমিশনার (ভূমি)/ উপজেলা মৎস্য কর্মকর্তা কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
৫। পরিবার পরিকল্পনা বিভাগ : উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় বলেন, সড়কের সম্প্রসারণ কাজের ফলে সিরাজপুর ইউনিয়ন পরিবার পরিকল্পনা কেন্দ্রের রাস্তার পাশের দেয়ালটি অপসারণ করা হয়েছে। নিরাপত্তার স্বার্থে জরুরি ভিত্তিতে উক্ত দেয়ালটি পুনরায় নির্মাণ করা প্রয়োজন।	সিরাজপুর ইউনিয়ন পরিবার পরিকল্পনা কেন্দ্রের রাস্তার পাশের দেয়ালটি উপজেলা উন্নয়ন তহবিলের অর্থায়নে জরুরি ভিত্তিতে নির্মাণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার/উপজেলা প্রকৌশলী কোম্পানীগঞ্জ, নোয়াখালী

৬। এলজিইডি ও উপজেলা প্রকৌশলী, কোম্পানীগঞ্জ, নোয়াখালী সভায় বলেন, ক. উপজেলা এম টি গ্যারেজ আধা পাকা ভবন, পরিত্যক্ত কোর্ট ভবন এবং উপজেলা পরিষদের অভ্যন্তরে পরিত্যক্ত (০৩) তিনটি আবাসিক ভবন কনডেম ঘোষণার নিমিত্ত প্রাক্কলন প্রস্তুতপূর্বক সভায় উপস্থাপন করেন। খ. উপজেলা পরিষদ মিলনায়তনের অভ্যন্তরে ইন্টোরিয়র ডেকোরেশন, মিলনায়তনের ক্যাপাসিটি অনুযায়ী প্রয়োজনীয় সংখ্যক এসি স্থাপন এবং স্থায়ীভাবে প্রজেক্টর স্থাপনের নিমিত্ত পরবর্তী কার্যক্রম গ্রহণের বিষয়ে আলোচনা করেন। গ. বামনী উচ্চ বিদ্যালয় ও প্রাথমিক বিদ্যালয়ের পাশ্ববর্তী স্থানে একটি ওয়ারক নির্মাণের বিষয়ে আলোচনা করেন। ঘ. উপজেলা পরিষদ ক্যাম্পাসে অবস্থিত উপজেলা বন বিভাগের আধা পাকা টিনশেড ভবন এবং উপজেলা পরিষদ লাইব্রেরী কাম-সাংস্কৃতিক কেন্দ্রের সামনে অবস্থিত আধা পাকা টিনশেড ভবন পরিত্যক্ত হওয়ার কারণে উপজেলা বন বিভাগ ও সঙ্গীত বিদ্যালয়ের জন্য কক্ষ বরাদ্দের বিষয়ে আলোচনা করেন। ঙ. উপজেলা পরিষদের সামনের পুকুরের পূর্ব পাড়ে ওয়াকওয়ে নির্মাণের জন্য পুকুর পাড়ে গাইড ওয়াল নির্মাণের বিষয়ে আলোচনা করা হয়। চ. উপজেলা শিল্পকলা একাডেমীর জন্য প্রয়োজনীয় সংখ্যক বাদ্যযন্ত্র (হারমোনিয়াম, তবলাসহ ইত্যাদি বাদ্যযন্ত্র) ক্রয়ের বিষয়ে আলোচনা করেন। ছ. বর্তমান তথ্য প্রযুক্তির যুগে এ উপজেলার শিক্ষার্থীদের কম্পিউটার ও তথ্য প্রযুক্তির উপর দক্ষ করে তোলার লক্ষ্যে “বেসিক কম্পিউটার এবং ফ্রী-ল্যান্সিং প্রশিক্ষণ” কর্মসূচি গ্রহণের মাধ্যমে কোম্পানীগঞ্জ উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের কম্পিউটার প্রশিক্ষণ প্রদানের বিষয়ে আলোচনা করেন। জ. পরিকল্পিতভাবে উপজেলা পরিষদ ক্যাম্পাস সাজানোর নিমিত্ত উপজেলা পরিষদের বড় হলরুমের সামনের র‍্যাম্প, পানির হাউজ এবং উপজেলা পরিষদের অভ্যন্তরে মাধ্যমিক শিক্ষা ভবনের বিপরীত পাশের বাউন্ডারী ওয়াল ভাঙ্গার বিষয়ে আলোচনা করেন। ঝ. উপজেলা পরিষদের অভ্যন্তরে নতুন গ্যারেজ নির্মাণ করার জন্য খাদ্য গোড়াউনের পার্শ্বে খালি জায়গায় দুই পার্শ্বে (উত্তর ও পশ্চিম দিকের) বাউন্ডারী ওয়াল ভাঙ্গার বিষয়ে আলোচনা করেন। ঞ. উপজেলা পরিষদের বড় হলরুমের অভ্যন্তরে পশ্চিম পার্শ্বে ছোট আকারের র‍্যাম্প নির্মাণের বিষয়ে আলোচনা করেন।	ক. উপজেলা এম টি গ্যারেজ আধা পাকা ভবন, পরিত্যক্ত কোর্ট ভবন এবং উপজেলা পরিষদের অভ্যন্তরে পরিত্যক্ত (০৩) তিনটি আবাসিক ভবন কনডেম ঘোষণার নিমিত্ত প্রস্তুতকৃত প্রাক্কলন জেলা প্রশাসক, নোয়াখালী মহোদয় বরাবর প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। খ. উপজেলা পরিষদ মিলনায়তনের অভ্যন্তরে ইন্টোরিয়র ডেকোরেশন, মিলনায়তনের ক্যাপাসিটি অনুযায়ী প্রয়োজনীয় সংখ্যক এসি স্থাপন এবং স্থায়ীভাবে প্রজেক্টর স্থাপনের নিমিত্ত পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। গ. বামনী উচ্চ বিদ্যালয় ও প্রাথমিক বিদ্যালয়ের পাশ্ববর্তী স্থানে একটি ওয়ারক নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। ঘ. উপজেলা পরিষদের পুরাতন হলরুমের স্থলে উপজেলা বন বিভাগ ও সঙ্গীত বিদ্যালয়ের জন্য ০২টি কক্ষ বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। ঙ. উপজেলা পরিষদের সামনের পুকুরের পূর্ব পাড়ে গাইড ওয়াল নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হয়। চ. উপজেলা উন্নয়ন তহবিলের অর্থায়নে উপজেলা শিল্পকলা একাডেমীর জন্য প্রয়োজনীয় সংখ্যক বাদ্যযন্ত্র ক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। ছ. উপজেলা উন্নয়ন তহবিলের অর্থায়নে কোম্পানীগঞ্জ উপজেলায় প্রাথমিকভাবে প্রতি মাসে একটি করে ০৬ মাসে ০৬টি শিক্ষা প্রতিষ্ঠানে সর্বমোট ২০ (বিশ) টি সেশনে শিক্ষার্থীদের “বেসিক কম্পিউটার এবং ফ্রী-ল্যান্সিং প্রশিক্ষণ” শীর্ষক প্রশিক্ষণ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। জ. উপজেলা পরিষদের বড় হলরুমের সামনের র‍্যাম্প, পানির হাউজ এবং উপজেলা পরিষদের অভ্যন্তরে মাধ্যমিক শিক্ষা ভবনের বিপরীত পাশের বাউন্ডারী ওয়াল ভাঙ্গার জন্য প্রাক্কলন প্রস্তুতসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। ঝ. উপজেলা পরিষদের অভ্যন্তরে নতুন গ্যারেজ নির্মাণ করার জন্য খাদ্য গোড়াউনের পার্শ্বে খালি জায়গায় দুই পার্শ্বে (উত্তর ও পশ্চিম দিকের) বাউন্ডারী ওয়াল ভাঙ্গার নিমিত্ত প্রাক্কলন প্রস্তুতসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। ঞ. উপজেলা পরিষদের বড় হলরুমের অভ্যন্তরে পশ্চিম পার্শ্বে ছোট আকারের র‍্যাম্প নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী কোম্পানীগঞ্জ, নোয়াখালী
৭। উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ ও উপজেলা শিক্ষা কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, নোয়াখালীর প্রতিনিধি বলেন, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা শিক্ষা অফিসার

৮। যুব উন্নয়ন বিভাগ : উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ঐতিহাসিক ৭ মার্চ উপলক্ষে যুব উন্নয়ন অধিদপ্তর, কোম্পানীগঞ্জ কার্যালয় কর্তৃক ১০ জন প্রশিক্ষণ প্রাপ্ত বেকার যুবদের মাঝে সর্বমোট ৪,৬০,০০০/- (চার লক্ষ ষাট হাজার) টাকা যুব ঋণের চেক বিতরণ করা হয়েছে। মার্চ মাসে পরিবার ভিত্তিক কেন্দ্রে ৪০ জন সদস্যের মাঝে ৩য় দফায় ২০,০০০/- (বিশ হাজার) টাকা হারে ৮,০০,০০০/- (আট লক্ষ) টাকা ঋণ বিতরণ করা হবে।	ঋণ বিতরণের ক্ষেত্রে যাবতীয় বিষয় সঠিকভাবে যাচাই-বাচাইপূর্বক বিধি মোতাবেক ঋণ বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
৯। মহিলা বিষয়ক অধিদপ্তর : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা এসএসসি পরীক্ষা-২০২৪ এর কেন্দ্রে দায়িত্বে থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি।	পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
১০। সমবায় বিভাগ : উপজেলা সমবায় কর্মকর্তা এসএসসি পরীক্ষা-২০২৪ এর কেন্দ্রে দায়িত্বে থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি।	পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা সমবায় কর্মকর্তা
১১। খাদ্য বিভাগ : উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
১২। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ : উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় মানিকপুর উচ্চ বিদ্যালয়ের সীমানা প্রাচীর সংস্কার ও মুক্তিযোদ্ধা শহীদ কামাল বিদ্যালয়ের মাঠ সংস্কারের বিষয়ে আলোচনা করেন।	মানিকপুর উচ্চ বিদ্যালয়ের সীমানা প্রাচীর সংস্কার ও মুক্তিযোদ্ধা শহীদ কামাল বিদ্যালয়ের মাঠ সংস্কারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা কোম্পানীগঞ্জ, নোয়াখালী
১৩। পরিসংখ্যান বিভাগ : উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা এসএসসি পরীক্ষা-২০২৪ এর কেন্দ্রে দায়িত্বে থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি।	পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পরিসংখ্যান অফিসার, কোম্পানীগঞ্জ
১৪। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর : উপজেলা সহকারী প্রোগ্রামার এসএসসি পরীক্ষা-২০২৪ এর কেন্দ্রে দায়িত্বে থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি।	পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী প্রোগ্রামার, কোম্পানীগঞ্জ, নোয়াখালী
১৫। বন বিভাগ : উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, ক. গত সভায় বন বিভাগের আধা পাকা টিনশেড ভবনটি ভাঙ্গার সিদ্ধান্ত গৃহীত হয় ফলে তাদের দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা পরিষদ ভবনে কক্ষ বরাদ্দ দেয়া প্রয়োজন।	ক. বন বিভাগ তাদের দাপ্তরিক কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা পরিষদ পুরাতন ভবনের হলরুমে বন বিভাগের জন্য একটি কক্ষ বরাদ্দের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা বন কর্মকর্তা কোম্পানীগঞ্জ, নোয়াখালী
১৬। জনস্বাস্থ্য বিভাগ : উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি।	পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)
১৭। ব্রাণ ও দুর্ঘটনা ব্যবস্থাপনা বিভাগ : উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় নিম্নোক্ত আলোচনা করেন; ক. চরএলাহী ইউপি টু মন্ডলিয়া বাজার ভায়া চরএলাহী হাই স্কুল রাস্তায় কুলি কর্ণার মিজানের বাড়ী সংলগ্ন কালভার্ট এর ভাঙ্গা ছাদ মেরামতের বিষয়ে আলোচনা করেন।	ক. চরএলাহী ইউপি টু মন্ডলিয়া বাজার ভায়া চরএলাহী হাই স্কুল রাস্তায় কুলি কর্ণার মিজানের বাড়ী সংলগ্ন কালভার্ট এর ভাঙ্গা ছাদ মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
১৮। সমাজসেবা বিভাগ: উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা সমাজসেবা কর্মকর্তা
১৯। বিদ্যুৎ বিভাগ: আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ) সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ) কোম্পানীগঞ্জ,
২০। ডিজিএম (পল্লী বিদ্যুৎ) : ডিজিএম (পল্লী বিদ্যুৎ) সভায় জানান যে, বর্তমানে বিদ্যুৎ সরবরাহ স্বাভাবিক আছে। পবিত্র মাহে রমজান উপলক্ষে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করার জন্য কন্ট্রোল রুমে ২৪/৭ সার্ভিস চালু করা হয়েছে।	পবিত্র মাহে রমজান উপলক্ষে রমজান মাসে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	ডিজিএম (পল্লী বিদ্যুৎ), কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
২১। পল্লী উন্নয়ন অফিস : পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
২২। বিএডিসি বিভাগ : উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি (ক্ষুদ্র সেচ) সভায় জানান যে, কৃষি কাজে ভূগর্ভস্থ পানি ব্যবস্থাপনা বিধিমালায় আওতায় অগভীর নলকূপের লাইসেন্স প্রাপ্তির জন্য আবেদন পত্রের মাধ্যমে যাচাই বাচাই করিয়া ২৩ জনের আবেদন লাইসেন্সের অনুমোদন দেয়ার জন্য উপস্থাপন করা হলো।	বিধি মোতাবেক লাইসেন্স প্রাপ্তিযোগ্য আবেদনকারীদের লাইসেন্স প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপ-সহকারী প্রকৌশলী, বিএডিসি (ক্ষুদ্র সেচ)

২৩। শিক্ষা প্রকৌশল অধিদপ্তর: উপ-সহকারী প্রকৌশলী (শিক্ষা), কোম্পানীগঞ্জ, নোয়াখালী সভায় জানান যে, ২০২২-২৩ অর্থবছরে চাহিদার পরিপ্রেক্ষিতে বেসরকারি স্কুল এর উর্ধ্বমুখী সম্প্রসারণ প্রকল্পের অধীনে চরকাঁকড়া একাডেমী (উচ্চ বিদ্যালয়) এবং রংমালা আদর্শ উচ্চ বিদ্যালয়ের ২য়, ৩য় ও ৪র্থ তলার উর্ধ্বমুখী সম্প্রসারণ এর টেন্ডার কার্যক্রম সম্পন্ন হয়েছে। তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	উল্লিখিত প্রকল্পের কাজের গুণগত মান সঠিকভাবে বজায় রেখে কার্যক্রম সম্পন্ন করার নিমিত্ত প্রয়োজনীয় তদারকির সিদ্ধান্ত গৃহীত হয়।	উপ-সহকারী প্রকৌশলী (শিক্ষা)
২৪। ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, কোম্পানীগঞ্জ, নোয়াখালী তার দপ্তরের নিম্নবর্ণিত কার্যক্রম উপস্থাপন করেন। ক. সঞ্চয় আদায় জানুয়ারি/২৪ পর্যন্ত- ৩.৮২ লক্ষ টাকা। খ. ঋণ বিতরণ জানুয়ারি/২৪ পর্যন্ত- ৯৯.৯৫ লক্ষ টাকা। গ. ঋণ আদায় জানুয়ারি/২৪ পর্যন্ত- ৮৬.১৫ লক্ষ টাকা। এছাড়া পল্লী সঞ্চয় ব্যাংকের অফিস ভবনের ১টি কক্ষ বাড়ানোর জন্য জায়গা বরাদ্দ দেয়ার বিষয়ে সহযোগিতা কামনা করেন।	পল্লী সঞ্চয় ব্যাংকের অফিস ভবনের ১টি কক্ষ বাড়ানোর জন্য জায়গা বরাদ্দ দেয়ার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক
২৫। ইসলামিক ফাউন্ডেশন: ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, কোম্পানীগঞ্জ, নোয়াখালী সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি।	পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, কোম্পানীগঞ্জ,
২৬। তথ্য কেন্দ্র: তথ্য সেবা কর্মকর্তা (তথ্য কেন্দ্র) সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি।	পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	তথ্য সেবা কর্মকর্তা, কোম্পানীগঞ্জ
২৭। চেয়ারম্যান, ০১নং সিরাজপুর ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী বলেন, ক. খাল খননের কারণে ক্ষতিগ্রস্ত কালবার্টসমূহ মেরামত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। খ. পাটোয়ারীহাট বাজারে একটি পাবলিক টয়লেট স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। গ. সিরাজপুর ইউনিয়ন পরিবার পরিকল্পনা কেন্দ্রের ছাদ মেরামত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।		উপজেলা প্রকৌশলী কোম্পানীগঞ্জ, নোয়াখালী
২৮। চেয়ারম্যান, ০২নং চরপার্বতী ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী বলেন, তার ইউনিয়নের চৌধুরীহাট বাজারে একটি কসাইখানা স্থাপন করা প্রয়োজন।	চৌধুরীহাট বাজারে একটি কসাইখানা স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী কোম্পানীগঞ্জ, নোয়াখালী
২৯। চেয়ারম্যান, ০৩নং চরহাজারী ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী বলেন, চরহাজারীতে আশ্রয়ণ প্রকল্পের কিছু ঘরের দেয়ালে ফাটল দেখা দিয়েছে; দেয়ালগুলো সংস্কার করা প্রয়োজন। এছাড়া তার ইউনিয়নে অবস্থিত কেন্দ্রার ঘাট খেয়াঘাটটি ইজারার আওতায় নিয়ে আসার জন্য অনুরোধ করেন।	চরহাজারীতে আশ্রয়ণ প্রকল্পের যেসকল ঘরের দেয়ালে ফাটল দেখা দিয়েছে সেসকল দেয়ালগুলো সংস্কার করা ও চরহাজারী ইউনিয়নে কেন্দ্রার ঘাট/খেয়াঘাটটি ইজারার আওতায় নিয়ে আসার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
৩০। চেয়ারম্যান, ০৫নং চরফকিরা ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী বলেন, চাপরাশিরহাট বাজারে একটি পাবলিক টয়লেট নির্মাণ ও বাজারের ড্রেন সংস্কার করা প্রয়োজন।	চাপরাশিরহাট বাজারে একটি পাবলিক টয়লেট নির্মাণ ও বাজারের ড্রেন সংস্কার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী কোম্পানীগঞ্জ, নোয়াখালী
৩১। চেয়ারম্যান, ০৭নং মুহাপুর ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী বলেন, তার ইউনিয়নের ৪নং ওয়ার্ডে একটি কালবার্ট লাগবে এছাড়া বাংলাবাজারের ড্রেন সংস্কার করা প্রয়োজন।	মুহাপুর ইউনিয়নের ৪নং ওয়ার্ডে কালবার্ট নির্মাণ ও বাংলাবাজারের ড্রেন সংস্কারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী কোম্পানীগঞ্জ, নোয়াখালী
৩২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী নিম্নোক্ত আলোচনা করেন; ক. উপজেলা পরিষদ চেয়ারম্যানের পরিত্যক্ত বাসভবনের স্থলে নতুন বাসভবন নির্মাণের লক্ষ্যে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে অর্থ বরাদ্দের নিমিত্ত পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। খ. কোম্পানীগঞ্জ উপজেলার বিভিন্ন হাট বাজার সমূহে প্রয়োজনীয় সংখ্যক সিসি ক্যামেরা ও ওয়শব্রক স্থাপনের বিষয়ে আলোচনা করেন। গ. সিরাজপুর ইউনিয়ন পরিষদ ভবন নির্মাণের জন্য স্থান নির্বাচনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।	ক. উপজেলা পরিষদ চেয়ারম্যানের পরিত্যক্ত বাসভবনের স্থলে নতুন বাসভবন নির্মাণের লক্ষ্যে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে অর্থ বরাদ্দের নিমিত্ত পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। খ. কোম্পানীগঞ্জ উপজেলার বিভিন্ন হাট বাজার সমূহে প্রয়োজনীয় সংখ্যক সিসি ক্যামেরা ও ওয়শব্রক স্থাপনের নিমিত্ত চাহিদাপত্র প্রেরণের জন্য ইউপি চেয়ারম্যানগণকে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। গ. সিরাজপুর ইউনিয়ন পরিষদ ভবন নির্মাণের জন্য স্থান নির্বাচনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা প্রকৌশলী কোম্পানীগঞ্জ, নোয়াখালী

৩৩। উপজেলা পরিষদ বিবিধ : (ক) উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের সম্মানী ভাতা, আপ্যায়ন ব্যয়, আনুষঙ্গিক ব্যয়, উপজেলা পরিষদের ইন্টারনেট বিল, উপজেলা পরিষদের বিদ্যুৎ বিল, সুইপার, মালির ও নিরাপত্তা কর্মীর মজুরী, পত্রিকার বিল উপজেলা পরিষদ কর্মচারীদের সিপিএফ ফান্ডে অর্থ জমা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় উপস্থাপন করা হয়। খ. উপজেলা পরিষদের বাউন্ডারি ওয়াল ও আবাসিক এলাকার একেজো বৈদ্যুতিক বাল্ব স্থাপনের বিষয়ে আলোচনা করা হয়। গ. প্রকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত ঘর মেরামতের জন্য জনাব তপিরানী মজুমদার, চরপার্বতী, কোম্পানীগঞ্জ, নোয়াখালীর আবেদন সভায় উপস্থাপন করা হয়।	(ক) উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের সম্মানী ভাতা, আপ্যায়ন ব্যয়, আনুষঙ্গিক ব্যয়, উপজেলা পরিষদের ইন্টারনেট বিল, উপজেলা পরিষদের বিদ্যুৎ বিল, সুইপার, মালির ও নিরাপত্তা কর্মীর মজুরী, পত্রিকার বিল উপজেলা পরিষদ কর্মচারীদের সিপিএফ ফান্ডে অর্থ জমা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। খ. উপজেলা পরিষদের বাউন্ডারি ওয়াল ও আবাসিক এলাকার একেজো বৈদ্যুতিক বাল্ব স্থাপনের ব্যয় বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। গ. প্রকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত ঘর মেরামতের জন্য উল্লিখিত আবেদনকারীকে উপজেলা রাজস্ব তহবিলের অর্থায়নে প্রয়োজনীয় সহযোগীতা করার সিদ্ধান্ত গৃহীত হয়।	চেয়ারম্যান, উপজেলা পরিষদ/উপজেলা নির্বাহী অফিসার কোম্পানীগঞ্জ, নোয়াখালী
--	---	---

কোম্পানীগঞ্জ উপজেলার শান্তি ও সমৃদ্ধির জন্য সবাইকে একসাথে কাজ করার আহবান জানানো হয়। ইউনিয়ন পরিষদের সকল চেয়ারম্যানকে উপজেলা পরিষদ সাধারণ সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করেন। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোহাম্মদ শাহাব উদ্দিন)

চেয়ারম্যান

উপজেলা পরিষদ

কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

তারিখ : ১৬ মার্চ ২০২৪

স্মারক নম্বর : ০৫.৪২.৭৫২১.০০০.০৬.০০১.২৩-৩৩৪

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে / জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো-

- ০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ০৩। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ০৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। [মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য]
- ০৫। জেলা প্রশাসক, নোয়াখালী।
- ০৬। উপপরিচালক, স্থানীয় সরকার, নোয়াখালী।
- ০৭। উপজেলা কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
- ০৮। চেয়ারম্যান, ... ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী

মো: আফ্রোয়ার হোসাইন পাটোয়ারী

উপজেলা নির্বাহী অফিসার

কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

ফোন : ০২৩৩৪৪৯৪২০৪

E-mail: unocompaniganjinoakhali@mopa.gov.bd